

স্বাক্ষর

মি. জগদীশ্বর/সচিব

স্বাক্ষর UP চেয়ারম্যান
৩৬ লস্কি দিক।
১২/৮/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.৫০.০০১.১৭-১৩৭

তারিখ : ৩০ শ্রাবণ ১৪২৪
১৪ আগষ্ট ২০১৯

বিষয়: কল সেন্টার '৩৩৩' এর মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারণা

সূত্র : এটুআই প্রোগ্রাম, ঢাকা এর স্মারক নং-৫৬.৪২.০০০০.০০৭.০৭.০১৫.১৯-৮ তারিখ : ১৯ জুন ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনগণের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ মহোদয়ের সদয় নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক নাগরিকদের জন্য সরকারের কেন্দ্রীয় তথ্য, সেবা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়নের জন্য কলসেন্টার '৩৩৩' চালু করা হয়েছে। গত ১২ এপ্রিল ২০১৮ তারিখে মাননীয় উপদেষ্টা মহোদয় উক্ত কলসেন্টার উদ্বোধন করেন।

২। সরকারী সেবা প্রাপ্তির পদ্ধতি, জনপ্রতিনিধি ও সরকারী কর্মচারীদের সাথে যোগাযোগের তথ্য, পর্যটন আকর্ষণযুক্ত স্থানসমূহ, জেলা সম্পর্কিত বিস্তারিত তথ্য জানার পাশাপাশি বিভিন্ন সামাজিক সমস্যার প্রতিকারে নাগরিকগণ জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে পারছেন।

৩। এমতাবস্থায়, কলসেন্টার '৩৩৩' এর তথ্য সমাজের সর্বস্তরে ছড়িয়ে দিতে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
বরিশাল সদর/ বাকেরগঞ্জ/ বাবুগঞ্জ/ উজিরপুর/ বানারীপাড়া/
গৌরনদী/আগেলঝাড়া/মুলাদী/হিজলা/মেহেন্দিগঞ্জ।

প্রশান্ত কুমার দাস
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
বরিশাল

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
২. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, ঢাকা
৩. গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, বরিশাল (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩২৪
স্বাক্ষর